অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/30/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল হারিকেন হেলেনের পুনরুদ্ধারে নর্থ ক্যারোলিনাকে সহায়তা করার জন্য অ্যাশভিলে 30 সদস্যের ঘটনা ব্যবস্থাপনা দল প্রেরণ করলেন

সাড়াদান কর্মকাণ্ডের জন্য পরিচালনামূলক সমর্থন প্রদান করবে বিশেষায়িত মাল্টিএজেন্সি এবং স্থানীয় সরকারের দল

রবিবার, নিউ ইয়র্ক নর্থ ক্যারোলিনাতে 17 জন ন্যাশনাল গার্ড সদস্য এবং তিনটি CH-47F চিনুক ভারী ভার উত্তোলনের হেলিকপ্টার এবং জর্জিয়াতে চারটি জেনারেটর প্রেরণ করেছে

বুধবার নর্থ ক্যারোলিনাতে দ্রুত পানিতে উদ্ধার দল মোতায়েন করা হয়

ছবি এবং ভিডিও দেখুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে হারিকেন হেলেনের পর পুনরুদ্ধার প্রয়াসে পরিচালনামূলক সমর্থন প্রদান করার জন্য নর্থ ক্যারোলিনার অ্যাশভিলে নিউ ইয়র্ক স্টেটের ঘটনা ব্যবস্থাপনা দলের (Incident Management Team, IMT) 30 জন সদস্যকে প্রেরণ করা হয়েছে। দক্ষ জরুরি সাড়াদান পেশাদারদের নিয়ে এই দলটি গঠন করা হয়েছে যারা স্থানীয় প্রথম সাড়াদানকারীদের সহায়তা করবে। তারা কর্মকাণ্ড সম্পাদন করা জন্য একটি পৃথক পরিচালনা তাঁবু স্থাপন করবে যার মধ্যে থাকবে অনুসন্ধান ও উদ্ধার, কাঠামোগত পরিদর্শন এবং যোগাযোগ ও জরুরি সাড়াদান কর্মকাণ্ড। দলের সদস্যরা আজকে পৌঁছানো শুরু করবে এবং এরপর মঙ্গলবারের মধ্যে সরঞ্জাম ও অতিরিক্ত কর্মী পৌঁছাবে বলে আশা করা যাচ্ছে।

"নিউ ইয়র্কবাসীরা কর্মের মাধ্যমে নেতৃত্ব প্রদান করে এবং বিপদের সময় আমাদের প্রতিবেশীদের সাহায্য করে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের অভিজ্ঞ দল এবং তারা তাদের সাথে যেই সরঞ্জাম নিয়ে যাবে তা জীবন রক্ষা করবে এবং হারিকেন হেলেনের ক্ষয়ক্ষতির মূল্যায়ন করবে। আহ্বানে সাড়াদান করা এইসব সাহসী নিউ ইয়র্কবাসীদের আমি ধন্যবাদ জানাচ্ছি এবং তাদের নিরাপদে ফিরে আসা দেখার জন্য উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেটের ঘটনা ব্যবস্থাপনা দল বহু স্থানীয় জরুরি অবস্থায় এবং একই সাথে অন্যান্য স্টেটকে, যেমন, 2021 সালের কেন্টাকির টর্নেডো এবং 2019 সালের টেক্সাসের হারিকেন হার্ভির পর সমর্থন প্রদান করেছে।

রবিবার, গভর্নর হোকল নর্থ ক্যারোলিনা ন্যাশনাল গার্ডকে (North Carolina National Guard) সমর্থন করার জন্য আর্মি ন্যাশনাল গার্ডের (Army National Guard) 17 জন সৈন্য এবং তিনটি ভারী ভার উত্তোলনের হেলিকপ্টার এবং পুনরুদ্ধার প্রয়াসকে সমর্থন করার জন্য জর্জিয়ার ম্যাকনে চারটি 100 KW জেনারেটর প্রেরণ করেছেন।

গত বুধবার, তিনি 16 জন দ্রুত পানিতে উদ্ধার কর্মীর একটি দল, দুইটি কুকুর এবং জরুরি সাড়াদান সরঞ্জাম নর্থ ক্যারোলিনাতে প্রেরণ করেন। সেই দলটি বর্তমানে ইয়ান্সি কাউন্টির জরুরি ব্যবস্থাপনা অফিসকে (Yancy County Emergency Management Office) সহায়তা করার জন্য নিযুক্ত রয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের ঘটনা ব্যবস্থাপনা দলটি হলো একটি মাল্টিএজেন্সি, মাল্টিজুরিসডিকশনাল দল যেটিকে কারণ, আকার, বা জটিলতা নির্বিশেষে একটি ঘটনা বা ইভেন্টের নিরাপদ, কার্যকর, এবং দক্ষ ব্যবস্থাপনার জন্য প্রয়োজনমতো মোতায়েন বা সক্রিয় করা যেতে পারে। নিউ ইয়র্ক স্টেটের স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের (Division of Homeland Security and Emergency Services, DHSES) কাছে অনুরোধ করা হলে স্টেট এজেন্সি এবং সরকারের কর্তৃপক্ষের জন্য দলটি উপলভ্য করা হয়। প্রশিক্ষিত কর্মীদের একটি দল হিসেবে তাদের মোতায়েন করা হয়, যারা একাধিক ডিসিপ্লিনের প্রতিনিধিত্ব করে এবং উল্লেখযোগ্য পরিমাণ স্থানীয়, স্টেট বা উপজাতীয় সংস্থানের প্রয়োজন হয় এমন মুখ্য জটিল ঘটনার ব্যবস্থাপনা করে। ঘটনার সময়কালজুড়ে সকল স্থানীয় নিয়ন্ত্রণ, কর্তৃত্ব, এবং দায়িত্ব অনুরোধকারী জুরিসডিকশনের হবে এবং সেই সময় তাদের পক্ষে IMT ঘটনা ব্যবস্থাপনা সহায়তা প্রদান করবে। তাদেরকে প্রশিক্ষিত কর্মীদের একটি দল হিসেবে মোতায়েন করা হয়, তারা একাধিক ডিসিপ্লিনের প্রতিনিধিত্ব করে যারা একটি উল্লেখযোগ্য পরিমাণ স্থানীয়, স্টেট বা উপজাতীয় সংস্থানের প্রয়োজন হয় এমন মুখ্য এবং/অথবা জটিল ঘটনার ব্যবস্থাপনা করে।

দেশের সকল দুর্যোগের জাতীয় পারস্পরিক সহায়তা ব্যবস্থা, জরুরি ব্যবস্থাপনা সহায়তা কম্প্যাক্টের (Emergency Management Assistance Compact, EMAC) অংশ হিসেবে সহায়তা প্রেরণ করা হয়। মার্কিন যুক্তরাষ্ট্রের কংগ্রেস (U.S. Congress) (PL 104-321) EMAC এর অনুমোদন প্রদান করেছে এবং 50টি স্টেটের প্রত্যেকটিতে, কলাম্বিয়া জেলা, পুয়ের্তো রিকো, গুয়াম, মার্কিন যুক্তরাষ্ট্রের ভার্জিন আইল্যান্ড এবং নর্দার্ন ম্যারিয়ানা আইল্যান্ডে এটি আইন। EMAC এর সদস্যরা সকল ডিসিপ্লিন থেকে সংস্থান আদানপ্রদান করতে, মোতায়েন করা কর্মীদের সুরক্ষা প্রদান করতে এবং মিশন সম্পর্কিত ব্যয়ের ক্ষতিপূরণ পেতে পারবে।

স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের কমিশনার জ্যাকি ব্রে বলেন, "ইতিমধ্যে মাঠপর্যায়ে কাজ করতে থাকা এবং এখন তাদের সাথে যোগ দিতে যাওয়া নিউ ইয়র্ক স্টেট এবং নিউ ইয়র্ক সিটির প্রথম সাড়াদানকারীদের আমি ধন্যবাদ জানাতে চাই। এটির মতো বিপর্যয় সৃষ্টিকারী ঝড় থেকে পুনরুদ্ধার পেতে সম্প্রদায়সমূহকে সাহায্য করা শারীরিক এবং মানসিক উভয়ভাবে চাপপূর্ণ কাজ এবং প্রয়োজন আছে এমন মানুষদের সেবাদান করতে তাদের নিবেদন অত্যন্ত প্রশংসনীয়।"

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ বল বলেন, "স্টেটের ঘটনা ব্যবস্থাপনা দলের অংশ হতে পেরে এবং নর্থ ক্যারোলিনার জরুরি সাড়াদানকারী ও কর্মীদের সমর্থন প্রদান করতে পেরে নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets, AGM) গর্বিত। প্রয়োজনের এই সময়ে নর্থ ক্যারোলিনা ও তাদের পরিবারসমূহকে সহায়তা করার জন্য বিভাগের অত্যন্ত প্রশিক্ষিত জরুরি ব্যবস্থাপক প্রস্তুত আছে, ঠিক যেমনভাবে নিউ ইয়র্কের নিজস্ব দুর্যোগ পরিস্থিতিতে অন্যান্য স্টেট আহ্বানে সাড়াদান করে। IMT এ আমাদের অংশীদারদের প্রতি আমরা কৃতজ্ঞ যারা সাড়াদানে যোগদান করছে এবং আক্রান্ত এইসব সম্প্রদায়কে পুনরুদ্ধার ও পুনর্গঠন শুরু করতে সাহায্য করছে।"

পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) অন্তর্বর্তীকালীন কমিশনার শন মাহার বলেন, "প্রাকৃতিক দুর্যোগ, দাবানল, বা অনুসন্ধান ও উদ্ধার ঘটনার যেকোনোটির সাড়াদান করার জন্য মোতায়েন করা হলে DEC এর ফরেস্ট রেঞ্জারগণ সর্বদা স্টেটে ও বাইরে নিজেদের দক্ষ ঘটনা কমান্ড প্রশিক্ষণ ব্যবহার করার জন্য প্রস্তুত থাকে। হারিকেন হেলেনের সাড়াদানে সহায়তা করার জন্য আমাদের নিবেদিত ফরেস্ট রেঞ্জারগণ এবং স্টেটের ঘটনা ব্যবস্থাপনা দলের আমি প্রশংসা করছি এবং এই গুরুত্বপূর্ণ কাজে তাদের জন্য শুভকামনা জ্ঞাপন করছি।"

নিউ ইয়র্ক স্টেট পার্কসের (New York State Parks) কমিশনার প্রো টেম্প র্যান্ডি সিমোন্স বলেন, "গুরুত্বপূর্ণ এই মিশনে তার দক্ষতা কাজে লাগানোর জন্য পার্ক পুলিশের সার্জেন্ট জেফ্রি স্যান্টোরের প্রতি আমি কৃতজ্ঞ। নিউ ইয়র্ক স্টেট পার্কসের পক্ষ থেকে আমি আক্রান্ত সম্প্রদায়সমূহের জন্য বিধ্বংসী এই ঝড় থেকে নিরাপদ ও দ্রুত পুনরুদ্ধার কামনা করছি।"

নিউ ইয়র্ক স্টেটের তথ্য প্রযুক্তি সেবা অফিসের (Office of Information Technology Services, ITS) প্রধান তথ্য কর্মকর্তা এবং পরিচালক ড্রু রাই বলেন, "নিউ ইয়র্কের তথ্য প্রযুক্তি সেবা প্রদানকারী এবং স্টেটের ঘটনা সাড়াদান দলের একজন সদস্য হিসেবে, নর্থ ক্যারোলিনার মানুষকে সহায়তা করার এই মিশনে একটি ভূমিকা রাখতে পেরে আমরা গর্বিত। ITS যোগাযোগ এবং প্রযুক্তি সমর্থন প্রদান করবে যা আমাদের বীরোচিত প্রথম সাড়াদানকারীদের নির্বিঘ্নে এবং দক্ষতার সাথে তাদের কাজ করতে দিবে, এবং নর্থ ক্যারোলিনার সম্প্রদায় ও পরিবারসমূহকে যত দ্রুত সম্ভব নিজের পায়ে উঠে দাঁড়াতে এবং স্বাভাবিক অবস্থায় ফেরত যেতে সাহায্য করবে। গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্কের IMT সঙ্কটের সময়ে দক্ষতা, শক্তি ও সংকল্প প্রদর্শন করেছে এবং আরেকবার সাহায্যের হাত বাড়িয়ে দিতে আমরা প্রস্তুত আছি।"

থ্রুওয়ে কর্তৃপক্ষের (Thruway Authority) ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা ফ্র্যাঙ্ক জি হোয়ার বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক পুরো দক্ষিণে জরুরি সাড়াদানকে সমর্থন করার জন্য নিউ ইয়র্ক সরঞ্জাম ও কর্মী প্রেরণ করছে এবং এই অতি গুরুত্বপূর্ণ মিশনের অংশ হতে পেরে থ্রুওয়ে কর্তৃপক্ষ গর্বিত।চরম আবহাওয়ার ইভেন্ট আমাদের দৈনন্দিন জীবনকে প্রভাবিত করে চলেছে, এবং এইসব বিধ্বংসী ঝড় দ্বারা আক্রান্ত সম্প্রদায়সমূহকে সমর্থন প্রদান অব্যাহত রাখতে আমরা প্রস্তুত আছি।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) সুপারিন্টেনডেন্ট স্টিভেন জি জেমস বলেন, "যেকোনো জরুরি পরিস্থিতি সৃষ্টি হলে তা যাতে আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং সাড়াদান দলগুলি কার্যকরভাবে প্রশমন করতে সংস্থানের সহযোগিতামূলক ব্যবহার অতি গুরুত্বপূর্ণ। প্রয়োজনমতো সেরা সুরক্ষা এবং সকল নাগরিককে সেবাদান করার এক উদ্দেশ্যে নিয়ে আমাদের সদস্যরা দৃঢ়তার সাথে আমাদের অংশীদারদের সাথে কাজ অব্যাহত রাখবে। এই ঝড় দ্বারা সৃষ্ট বিপর্যয় নির্মূল করতে সাহায্য করার জন্য আবশ্যক যেকোনো অতিরিক্ত সহযোগিতা প্রদান করতে নিউ ইয়র্ক স্টেট পুলিশ তৈরি আছে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন